

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন- ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

বিষয় : ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭ এর ই-গভর্নেন্স জোনে অংশগ্রহণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ আবদুস সামাদ ভারপ্রাপ্ত সচিব নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়	:	১৭-১০-২০১৭ খ্রিঃ, সকাল ১১টা।
সভার স্থান	:	নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট - 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ রফিকুল ইসলাম, অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আগামী ৬-৯ ডিসেম্বর-২০১৭ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ডিজিটাল ওয়ার্ল্ড -২০১৭ এর আয়োজন করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী এ মেলা উদ্বোধন করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। ডিজিটাল ওয়ার্ল্ড -২০১৭-তে ই-গভর্নেন্স জোনটি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার সাম্প্রতিক উদ্ভাবনী ই-সেবা জনগণের সামনে প্রদর্শনের জন্য নির্ধারিত রয়েছে। এ মন্ত্রণালয়ের আওতাধীন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, নৌপরিবহন অধিদপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, মেরিন একাডেমী ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট উক্ত কার্যক্রমে অংশগ্রহণ করবেন।

০২। এ পর্যায়ে সভাপতি আইসিটি নির্ভর উদ্ভাবনী ই-সার্ভিসের মাধ্যমে নৌপরিবহন মন্ত্রণালয়ের সাম্প্রতিক অর্জন/কার্যক্রম যেন ডিজিটাল ওয়ার্ল্ড -২০১৭ এ অংশগ্রহণের মাধ্যমে যথাযথভাবে প্রতিফলিত হয়, সে বিষয়ে অগ্রহী দপ্তর/সংস্থাকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

৩। সিদ্ধান্ত :

(ক) ডিজিটাল ওয়ার্ল্ড -২০১৭-তে নৌপরিবহন মন্ত্রণালয়ের ব্যানারে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ, বিআইডব্লিউটিসি, নৌপরিবহন অধিদপ্তর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, মেরিন একাডেমী ও ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট কর্তৃক ইলেকট্রনিক প্রযুক্তির আওতায় স্ব স্ব প্রতিষ্ঠানের আইসিটি নির্ভর সাম্প্রতিক উদ্ভাবনী ই-সার্ভিস কার্যক্রমকে প্রদর্শন করতে হবে।

(খ) অংশগ্রহণকারী সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা নিজস্ব অর্থায়নে ডিজিটাল ওয়ার্ল্ড -২০১৭ এর ই-গভর্নেন্স জোনে অংশগ্রহণ করবে;

(গ) অংশগ্রহণকারী সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা ই-গভর্নেন্স জোনে/স্টলে উদ্ভাবনী ই-সার্ভিস প্রদর্শনীর পাশাপাশি পর্যাপ্ত সংখ্যক ব্রোসিয়ার / লিফলেট প্রকাশ ও প্রচার করবে।

(ঘ) ডিজিটাল ওয়ার্ল্ড -২০১৭ এর ই-গভর্নেন্স জোনে অংশগ্রহণের বিষয়ে মন্ত্রণালয়ের প্রোগ্রামার সৈয়দ আলিউর রহমান সংশ্লিষ্টদের সাথে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক যোগাযোগ রাখবেন।

৪। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ : ১৮-১০-২০১৭
মোঃ আবদুস সামাদ
ভারপ্রাপ্ত সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়

নং-১৮.০০.০০০০.০১৬.২৫.০১১.১২- ১৭ ৪০

তারিখ : ১৯-১০-২০১৭


বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

- ১। চেয়ারম্যান, চবক/মোবক/বাহুবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি
জাতীয় নদী রক্ষা কমিশন।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম
- ৫। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিচাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।
- ৬। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।


(জাজরীন নাহার)
সিনিয়ার সহকারী সচিব (প্রশাসন-১)